# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
চুনারুঘাট, হবিগঞ্জ।

## পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাম্মদ শফিকুল ইসলাম
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ২৭.০৮.২০৫ খ্রিষ্টাব্দ, বিকাল ৩.০০টা

সভার স্থান : সভা কক্ষ, চুনারুঘাট পৌরসভা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভপতির অনুমুতক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় আলোচ্য বিষয় অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় বিগত মাসে পৌরসভার হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, যানবাহন কর আদায়ের তথ্য/ হিসাব পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং টেক্স নূন্যতম ৮০% এবং নন টেক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এসকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আরো বৃদ্ধি করতে হবে। তিনি আরো জানান গত ০১.০৭.২০২৫ খ্রিঃ তারিখ হতে পৌরসভার বিভিন্ন সনদপত্র ,ট্রেড লাইসেন্স web-Base Software এর মাধ্যমে ইস্যু করা হচ্ছে এবংএ ক্ষেত্রে সফটওয়্যার সিস্টেমে পৌরসভার হোল্ডিং টেক্স পরিশোধের বিষয়টি বাধ্যতামূলক করা হয়েছে। এতে হোল্ডিং টেক্স আদায় বৃদ্ধি পেয়েছে।<br><br>সভাপতি জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভর জন্য খুবই গুরুত্বপূর্ন। প্রকর্পের শর্ত পূরণসহ পৌরবাসীকে কাঙ্খীত নাগরিক সেবা প্রদানের জন্য রাজস্ব আয় বৃদ্ধির বিকল্প নাই। পৌরসভার হোল্ডিং নন-হোল্ডিং টেক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে, আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে।<br><br>**সিদ্ধান্ত :** বকেয়াসহ হালসনের হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি ইত্যাদি আদায়ের জন্য | (ক) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(খ) উপ সহকারী প্রকৌশলী<br>(গ) কর আদায়কারী<br>(ঘ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |

| | | | |
|---|---|---|---|
| | | করদাতাদেরকে তাগাদাপত্র প্রদানসহ টীম গঠন করে হোল্ডিং টেক্স ও নন টেক্স রাজস্ব আদায় কার্যক্রম জোরদার করতে হবে। পৌরসভা হতে বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রত্যাশী/প্রত্যাশীগনের হালনাগাদ পৌর কর পরিশোধের প্রমানপত্র থাকতে হবে। | |
| ০২ | উন্নয়নমূলক কর্মকান্ড : | (ক) সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে সরকারি থোক বরাদ্ধ দ্বারা বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহের কাজ প্রায় ৯০% শেষ হয়েছে। তাছাড়া কোভিড-১৯ ও IUGIP প্রকল্পের আওতায় গৃহীত বিভিন্ন প্রকল্পের কাজ চলমান আছে। কাজগ্ুরো দুত শেষ করার জন্যঠিকাদারগণকে তাগাদা দেয়া হচ্ছে। তিনি আরো জানান IUGIP প্রকল্পের আওতায় নতুন করে ২৫ (পঁচিশ) কোটি টাকার ১টি প্যাকেজ এর প্রস্তাব/প্রাক্কলন প্রেরনের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয় হতে পত্র দেয়া হয়েছে। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, ২৫ (পঁচিশ) কোটি টাকার ১টি প্যাকেজের পরিবর্তে ৩টি প্যাকেজে দরপত্র আহবান করলে কাজগুলো দুত বাস্তবায়ন করা সম্ভব হবে।<br><br>সিদ্ধান্ত ২.১ : ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে বরাদ্ধকৃত অর্থে এবং কোভিড-১৯ ও IUGIP প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজ গুনগতমান অক্ষুন্ন রেখে দুত সম্পন্ন করতে হবে।<br><br>২.২ : IUGIP প্রকল্পের আওতায় নতুন করে ২৫ (পঁচিশ) কোটি টাকা দ্বারা বাস্তবায়নের জন্য দুত প্রকল্প বাছাই এবং ১টি প্যাকেজ পরিবর্তে ৩টি প্যাকেজে কাজগুলো বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতে হবে। | (ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী |
| ০৩ | ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ। | সভার সদস্য ও অফিসার ইনচার্জ চুনারুঘাট থানা জনাব মোঃ নুর আলম পৌরসভার ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমকে আরো বেগবান করার অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিক আলাপ আলোচনা করা হয়। সভাপতি জানান যে, বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্ন কর্মী/দৈনিক শ্রমিকগণ ২টি অঞ্চলে ভাগ হয়ে প্রতিদিন পৌরসভার (পর্যায়ক্রমে) পৌর এলাকার সকল ড্রেণ পরিস্কার-পরিচ্ছন্নকরণ, রাস্তাঘাট ঝাড়ু দেয়া ময়লা আবর্জনা অপসারনের কাজ করে থাকে। তাছাড়া পৌরসভার সকল ডাস্টবিনের ময়লা -আবর্জনা প্রতিদিন নিয়মিত পরিস্কার করা হয়। পরিস্কার পরিচ্ছন্নতার কাজ নিয়মিত তদারকী করার জন্য কমিটির সদস্যগনকে অনুরোধ করেন।<br><br>**সিদ্ধান্ত :** নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে রাখতে হবে। শহরের যেসকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। কমিটির সকল সদস্যগন পরিস্কার পরিচ্ছন্নতার কাজ নিয়মিত তদারকী করবেন। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৪ | ডেঙ্গু মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম | সদস্য ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ মোজাম্মেল হোসেন সভায় বলেন যে, বর্তমানে সারাদেশেই ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু নিয়ন্ত্রনের জন্য চুনারুঘাট পৌর এলাকার ঝোপ-জঙ্গল, আগাছা, কচু, লতাপাতা , আবর্জনা ইত্যাদি ইতোপূর্বে পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতাল এলাকায় নতুনভাবে কিছু আগাছা ও ময়লা তৈরী হয়েছে, এগুলো পরিস্কার করা প্রয়োজন। এবং নিয়মিত মশক নিধন ওষুধ ছিটানোর কাজ আরো জোরদার করার জন্য তিনি সভায় প্রস্তাব রাখেন।<br><br>সিদ্ধান্ত : ডেঙ্গু মশক নিয়ন্ত্রনের লক্ষ্যে নিয়মিত মশক নিধন ওষুধ ছিটানো হবে। এবং হাসপাতালসহ শহরের অন্যান্য এলাকার আগাছা, ময়লা আবর্জনা নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৫ | UGIAP বাস্তবায়ন | পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী IUGIP প্রকল্পের আওতায় UGIAP বাস্তবায়নের বিষয়ে সভাকে পুনঃ অবহিত করেন। | (ক) |

| | | | |
|---|---|---|---|
| | | তিনি জানান যে, প্রকল্প পরিচালকের কার্যালয় কর্তৃক প্রনীত UGIAP - এর ০৯টি এরিয়ায় মোট ২৮টি গুরুত্বপূর্ন কার্যক্রম রয়েছে এবং ২৮টি কার্যক্রমের উপর সূচকভিত্তিক মোট ১০০ নাম্বারের স্কোরিং রয়েছে। কার্যক্রমসমূহের বিবরণ তিনি সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান উক্ত কার্যক্রমসমূহের অনেকগুলো ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে, অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। প্রকল্পে টিকে থাকার জন্য UGIAP পরিপূর্ণ বাস্তবায়ন করতে হবে।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা পর্যালোচনা করা হয়। সভায় সকলেই অভিমত ব্যক্ত করেন যে, UGIAP বাস্তবায়ন করলে IUGIP প্রকল্পের শর্তপূরণের পাশাপাশি পৌরসভার প্রাতিষ্ঠানিক দক্ষতা, যোগ্যতা ও সক্ষমতা বহুগুন বৃদ্ধি পাবে।<br><br>সিদ্ধান্ত : UGIAP - এর ০৯টি এরিয়ায় মোট ২৮টি গুরুত্বপূর্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হবে। | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী/ লাইসেন্স পরিদর্শক<br>(ঙ) সভাপতি, স্থায়ী কমিটি (সকল) /ওয়ার্ড কমিটি (সকল)। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

২৭/০৮/২০২৫

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং :চুঃপৌঃ/প্রশাঃ/২০২৫/১৫৯৪ তারিখ : ২৮.০৮.২০২৫ খ্রিঃ ।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৯। জনাব ..........................................................................
১০। অফিস নথি।

২৮/০৮/২৫

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।



CamScanner